

৪ চিত্রাঙ্ক

কক্সবাজারে সার্ক বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবি জোরালো হচ্ছে

আবদুল মান্নান, কক্সবাজার থেকে

সার্ক পর্যটন মন্ত্রীদের সংশ্লিষ্টদের 'কক্সবাজার মোষণা' এক বছরেও বাস্তবায়ন হয়নি। ওই সংশ্লিষ্টদের দিক্কার মতে বাংলাদেশে সার্ক বিশ্ববিদ্যালয় স্থাপনের সিদ্ধান্ত নেয়া হলেও এখনও পর্যন্ত বিশ্ববিদ্যালয় স্থাপনের কোন প্রক্রিয়া শুরু হয়নি। সম্প্রতি সাগরকন্যা কক্সবাজার থেকে সার্ক কার র্যালির উদ্বোধন হওয়ায় বিশ্বের বিভিন্ন দেশের মতো বাংলাদেশের দীর্ঘতম সমুদ্র সৈকত কক্সবাজার উপকূলের এ সার্ক বিশ্ববিদ্যালয় গড়ে তোলার দাবি জোরালো হয়ে উঠেছে।

বিশ্বের অন্যান্য রাষ্ট্রের মতো বাংলাদেশের সমুদ্র সৈকত এলাকা কক্সবাজারে আন্তর্জাতিকমানের বিশ্ববিদ্যালয় স্থাপনের পরিবেশও রয়েছে ব্যাপক। বিগত সার্ক সম্মেলনে সার্কভুক্ত দেশগুলোর পররাষ্ট্র মন্ত্রণালয়ের বৈঠকে নীতিগতভাবে সম্মত হয়েছে বাংলাদেশে সার্ক বিশ্ববিদ্যালয় স্থাপনের। সেক্ষেত্রে সার্ক বিবেচনায় সার্ক ইউনিভার্সিটি স্থাপনের উপযুক্ত স্থান হচ্ছে কক্সবাজার। প্রাকৃতিক অপরূপ সৌন্দর্য ও সম্পদে চরপুর দেশের দক্ষিণ-পূর্ব সীমান্ত তেলী কক্সবাজার শিক্ষাদীক্ষায় রয়েছে অনেক

শিথিয়ে। সমুদ্র সৈকত নৈসর্গিক সৌন্দর্যের মীমাংসার বাংলাদেশের পরিচালনা কক্সবাজার। বিশ্বের অন্যান্য রাষ্ট্রের মতো বাংলাদেশেও বিচ নগরী কক্সবাজারকে কেন্দ্র করে গড়ে তুলতে পারে আন্তর্জাতিকমানের বিশ্ববিদ্যালয়। বিগত বছর কক্সবাজারে অনুষ্ঠিত সার্ক পর্যটন মন্ত্রীদের সংশ্লিষ্ট ও সার্কভুক্ত দেশগুলোর পররাষ্ট্র মন্ত্রণালয়ের বৈঠক নীতিগতভাবে সম্মত হয়েছে বাংলাদেশে সার্ক বিশ্ববিদ্যালয় স্থাপনের। সার্কভুক্ত ৮টি দেশের মধ্যে শুধু বাংলাদেশেই এ বিশ্ববিদ্যালয় স্থাপনের সিদ্ধান্ত নেয়া হয়। কিন্তু বিগত ১ বছরেও সেই সিদ্ধান্ত বাস্তবায়ন হয়নি। কক্সবাজারে সার্ক বিশ্ববিদ্যালয় স্থাপনের উপযুক্ত জেনু হিসেবে উল্লেখ করে জেলার সর্বোচ্চ বিন্যাসীষ্ট কক্সবাজার সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ফজলুল করিম জানান, বিভিন্ন রাষ্ট্রের শিক্ষার্থীরা পড়ালেখার পাশাপাশি টুরিজম এডুকেশন, বিশ্ব পর্যটন, মানুচিত্র গবেষণায় বস্তবতার নিরিখে বিশেষ জ্ঞান অর্জন করতে পারবে। যা অন্য কোন এলাকায় সার্ক ডার্মিটি স্থাপন হলে শিক্ষার্থীরা বিশেষ জ্ঞান অর্জন থেকে বঞ্চিত হতে পারে। দক্ষিণ চট্টগ্রামের একমাত্র সরকারি উচ্চতর মহিলা শিক্ষা প্রতিষ্ঠান কক্সবাজার সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর শিরাতুল মোস্তফা কক্সবাজারে সার্ক ডার্মিটি স্থাপনের যোগ্যতম পরিবেশ রয়েছে বলে মত প্রকাশ করে বলেন, যেদিন বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ, ইঞ্জিনিয়ারিং কলেজসহ আন্তর্জাতিকমানের বিশ্ববিদ্যালয় স্থাপনে দেশে মনোরম পরিবেশ হচ্ছে কক্সবাজার। কক্সবাজারের বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব দীপক শর্মা দীপু জানান, বিশ্বের বিভিন্ন রাষ্ট্রে বিচ পর্যটনকে কেন্দ্র করে গড়ে ওঠা বিশ্বখ্যাত অনেক শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার পাশাপাশি পর্যটন শিল্পের উন্নয়ন ঘটানো হচ্ছে। কক্সবাজারে যথেষ্ট জায়গা ও উপযুক্ত পরিবেশ রয়েছে।